রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারি ৮, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**ননগেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ জানুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০৩০.১৫.০০১.২০১৪-০৬**—সরকার ২৪ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ/১০ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ তারিখে টোল নীতিমালা-২০১৪ অনুমোদন করেছে। সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে নীতিমালাটি জনস্বার্থে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। প্রথম পর্যায়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ঃ—

(ক) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিদ্যমান কোন জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক ও জেলা মহাসড়কে এবং সড়কসমূহে অবস্থিত সেতু ও ফেরীতে টোল নীতিমালা-২০১৪ অনুযায়ী নতুন করে টোল আরোপ করা হচ্ছে না। তবে ভবিষ্যতে নতুন টোল সড়ক ও সেতু নির্মিত হলে এবং নতুন ফেরী সার্ভিস চালু করা হলে টোল নীতিমালা-২০১৪ অনুযায়ী টোল আরোপ করা হবে।

(খ) ২০০০ সাল পর্যন্ত আরোপিত টোল সমগুচ্ছের সড়কের শ্রেণী এবং সেতুর দৈর্ঘ্য ও ফেরী পথের দৈর্ঘ্য অনুযায়ী সমতাকরণ করা হবে। এ ক্ষেত্রে যানবাহনের ধরন অনুযায়ী সমগুচ্ছের অন্তর্গত সর্বোচ্চ টোল প্রযোজ্য হবে এবং টোল নীতিমালা-২০১৪ এর হারের চেয়ে বেশি হবে না। কোন ক্ষেত্রেই উচ্চ ধাপের সেতু ও ফেরীর টোলের হার নিম্নধাপের সেতু ও ফেরীর টোলের হারের চেয়ে কম হবে না।

(গ) ২০০০ সাল পরবর্তী সময়ে আরোপিত টোল একইভাবে অনুচ্ছেদ-খ অনুযায়ী পুনঃ নির্ধারিত হবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

(ঘ) ঢাকা-চট্টগ্রাম মহাসড়কটিকে সরকার গুরুত্বপূর্ণ সড়ক হিসেবে ঘোষণা করেছে। এ গুরুত্বপূর্ণ মহাসড়কের উপর অবস্থিত মেঘনা ও গোমতী সেতুর টোল ২৫% বৃদ্ধি করা হল। তবে বর্ধিত টোল কোনক্রমেই টোল নীতিমালা-২০১৪ তে বর্ণিত টোল হারের চেয়ে বেশী হবে না।

(ঙ) ২০০ (দুইশত) মিটার এবং এর কম দৈর্ঘ্যের যে সকল সেতুতে বর্তমানে টোল আদায় করা হচ্ছে সে সকল সেতুতে বর্তমান চুক্তির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত বিদ্যমান হারে টোল আদায় অব্যাহত থাকবে। চুক্তির মেয়াদ শেষে নতুন করে এ ধরনের সেতু হতে কোন টোল আদায় করা হবে না।

(চ) উপঅনুচ্ছেদ ক থেকে ঙ তে যা কিছুই বলা থাকুক না কেন গণপরিবহন যথা-বড় বাস ও মিনিবাস/কোস্টার এর ক্ষেত্রে টোল বৃদ্ধি কোন ক্রমেই ২৫% এর বেশী হবে না।

২। জনস্বার্থে জারিকৃত এ প্রজ্ঞাপন আগামী **১১** জানুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তসলিমা কানিজ নাহিদা**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd